অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/21/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল শন হেনেসিকে গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার এর পরিচালক হিসেবে নিয়োগ দিয়েছেন

শন হেনেসি অন্তর্বর্তীকালীন পরিচালক হিসেবেই একটি সফল 2022 ফেয়ারের নেতৃত্ব দেওয়ার পরে 2023 এবং তারপরেও সমৃদ্ধি ও উদ্ভাবন অব্যাহত রাখবেন

গভর্নর ক্যাথি হোকল আজকে শন হেনেসিকে গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার এর পরিচালক হিসেবে নিয়োগ দিয়েছেন। 2022 সালে একটি সফল ফেয়ার এর অন্তর্বর্তীকালীন পরিচালক হিসেবে দায়িত্ব পালন করার পর, হেনেসির সরাসরি পরিচালক পদে স্থানান্তর আরো বেশি সমৃদ্ধি ও উদ্ভাবনের একটি ধাপ তৈরি করে এবং এর পাশাপাশি ঐতিহ্য ও পারিবারিক আনন্দের ধারাবাহিকতা নিশ্চিত করে যা নিউ ইয়র্কের জনপ্রিয় বার্ষিক অনুষ্ঠানের একটি বৈশিষ্ট্য হয়ে উঠেছে।

"2022 সালে দ্য গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার এর অন্তর্বর্তীকালীন পরিচালক হিসাবে তার নিয়োগের পর থেকে শন নিজেকে একজন উদ্ভাবনী এবং সক্ষম নেতা হিসাবে প্রমাণ করেছেন," **গভর্নর হোকল বলেন।** "পরিচালক হিসাবে আমি তাকে আনুষ্ঠানিকভাবে স্বাগত জানাতে পেরে গর্বিত এবং এই নিউ ইয়র্কের অনন্য এক ঐতিহ্য -আমাদের গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার এর সমৃদ্ধি এবং প্রাণশক্তি নিশ্চিত করতে তার সাথে কাজ করার জন্য অত্যান্ত আগ্রহী।"

হেনেসি 2022 সালে গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার এর অন্তর্বর্তীকালীন পরিচালক হিসাবে মহামারীর আগে থেকে প্রথম পূর্ণ ফেয়ার এর অভিজ্ঞতা কাজে লাগানোর দায়িত্বে নেতৃত্ব দিয়েছিলেন, জেনার এবং দশকের প্রতিনিধিত্বের পরিপ্রেক্ষিতে জাতীয় রেকর্ডিং শিল্পীদের সবচেয়ে বৈচিত্র্যময় বাদ্যযন্ত্র লাইন আপ প্রবর্তন করা হয়েছে এবং 2023 সালের ফেয়ারের জন্য একটি এশিয়ান ভিলেজ চালু করার জন্য আলোচনা শুরু করেছেন। 2022 সালের ফেয়ারটি 888,110 জন দর্শককে গেট দিয়ে স্বাগত জানিয়েছে এবং চেভি কোর্ট, চেভি পার্ক, প্যান আফ্রিকান ভিলেজ, ল্যাটিনো ভিলেজ এবং অন্যান্য বিনোদন ভ্যানু জুড়ে 113টি কনসার্টের আয়োজন করেছিল। ফেয়ারে চারটি পারফরমেন্স শেভ্রোলেট মিউজিক সিরিজের রেংক এর অংশ হিসেবে সর্বকালের সেরা 20টি কনসার্টের মধ্যে রয়েছে এছাড়াও এর মধ্যে 31 আগস্ট নেলির পারফরম্যান্সও 43,000 জন অনুরাগীকে নতুন নামকরণ করা সাব-আর্বান পার্কে আকৃষ্ট করেছিল।

ফেয়ারটি এই বছরের একটি দারুণ ও বৈচিত্র্যময় কনসার্ট লাইনআপের ঘোষণা করেছে, *পেপ্পা পিগ লাইভ!* এবং ডিজনি জুনিয়র লাইভ অন ট্যুরের মতো নতুন পরিবার বান্ধব শো এবং DINOSAUR EXPEDITION এর মতো উত্তেজনাপূর্ণ নতুন প্রদর্শনী যা এক্সপোজিশন সেন্টারে 60টি ট্রু-টু-লাইফ-আকারের ডাইনোসর নিয়ে আসবে এবং এগুলোর সবগুলোই ফেয়ারে আসা দর্শকদের সাংস্কৃতিক অভিজ্ঞতা বাড়ানোর লক্ষ্যে ফেয়ারের প্রতিশ্রুতি প্রসারিত করার জন্য পরিকাঠামোগত উন্নয়ন করে।

নিউ ইয়র্ক স্টেট এগ্রিকালচার অ্যান্ড মার্কেটস কমিশনার রিচার্ড এ. বল বলেন, "শনের শক্তি, উত্তেজনা এবং সাহসী ধারণাগুলো গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারে কিছু উত্তেজনাপূর্ণ নতুন ইভেন্ট আনতে সহায়তা করেছে। যেহেতু আমরা ফেয়ারটিকে এগিয়ে নিয়ে যাচ্ছি এবং ফেয়ারটিতে কৃষি ও যুব শিক্ষার উপর আরো ফোকাস করছি, আমি জানি যে শন ফেয়ারের দলের সাথে কাজ করার মাধ্যমে গভর্নরের লক্ষ্য বাস্তবায়নে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক স্টেট ফেয়ার এর পরিচালক শন হেনেসি বলেন, "আমি দ্য গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার যা নিউ ইয়র্ক স্টেটের একটি সত্যিকারের ঐতিহ্য এবং সাংস্কৃতিক প্রতিষ্ঠান তার অংশ হতে পেরে অনেক সৌভাগ্যবান। গভর্নর হোকল আমাকে পরিচালক হিসেবে আমাকে নিয়োগ দেওয়ায় আমি তার প্রতি কৃতজ্ঞতা ও শ্রদ্ধা জানাই এবং ফেয়ার টিমের সাথে পরিচালক হিসেবে 2023 সালের ফেয়ার এর উদ্বোধনের জন্য উন্মুখ হয়ে আছি।"

হেনেসি 2022 সালে দ্য ফেয়ারে নিযুক্ত হওয়ার আগে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন অপারেশন্সের সহকারী কমিশনার হিসাবে কাজ করেছিলেন, যেখানে তিনি বড় ধরনের বার্ষিক বাজেট এবং মাল্টি-মিলিয়ন ডলারের মূলধন প্রকল্পের পরিচালনা সহ পাবলিক এজেন্সিগুলোর মধ্যে কর্মচারী এবং সিস্টেমগুলোর সফল পরিচালনার একটি প্রমাণিত ট্র্যাক রেকর্ড স্থাপন করেছিলেন। এক্সিকিউটিভ বোর্ডের সদস্য, বুকিং এজেন্ট এবং নর্থ কান্ট্রি গোজ গ্রীন আইরিশ ফেস্টিভ্যালের বক্তা হিসেবে তার বাড়তি অভিজ্ঞতাও তাকে ফেয়ারের মতো বড় ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠানের সমন্বয় ও প্রচারের ক্ষেত্রে অসাধারণ অভিজ্ঞতা প্রদান করেছে।

এই ঘোষণাটি গভর্নর হোকলের কৃষিতে সাহসী বিনিয়োগ এবং নিউ ইয়র্কের সকল ফেয়ারের জন্য সমৃদ্ধি এবং প্রাণ শক্তি ফিরিয়ে আনার সুযোগগুলিকে সহায়তা করার পরিকল্পনার উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে। 2024 সালের কার্যকরী বাজেটটি নিউ ইয়র্কের কাউন্টি ফেয়ার এবং দ্য গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের জন্য মূল অর্থ প্রদান করে যা নিউ ইয়র্কের কৃষির গুরুত্বপূর্ণ উপাদান এবং এটি জনসাধারণকে এই গুরুত্বপূর্ণ শিল্প এবং এর ঐতিহ্যের সাথে সংযুক্ত করে। কাউন্টির ফেয়ার এবং গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের মধ্য সমন্বয় বৃদ্ধি এবং স্টেট জুড়ে সকল ফেয়ারে যুব ও কৃষি কর্মসূচির উদ্যোগগুলো উন্নত করার সুযোগ বাড়ানোর ব্যাপারে গভর্নর হোকলের প্রতিশ্রুতি বজায় রাখার একটি চেষ্টায় তাদের বিপণন এবং প্রচারে সহায়তার জন্য বাজেটের মধ্যে কাউন্টি ফেয়ারগুলোয় বিনিয়োগ বাবদ 2 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে।

লোকজন দ্য গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারে একটি সাশ্রয়ী মূল্যে 13 দিনের জন্য সুস্বাদু খাবার ও আই-অপেনিং এক্সিবিটস ও দারুণ আনন্দের মনোমুগ্ধকর বিনোদন অভিজ্ঞতা নিতে এই বছর জুড়ে নিউ ইয়র্ক স্টেটে আবার একত্রিত হতে আসবে। এই বছরের ফেয়ারটি হাজার হাজার প্রাণী,

শত শত বাণিজ্যিক আকর্ষণ, অনেক উত্তেজনাপূর্ণ মিডওয়ে রাইড এবং কয়েক ডজন সুনামধন্য ইন্টারটেইনারকে প্রদর্শন করবে। 2023 সালের গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার 23 আগস্ট শুরু এবং 4 সেপ্টেম্বর 2023 পর্যন্ত চলবে। টিকিট পাওয়া যাবে এখানে nysfair.ny.gov।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418